শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৭.১৪-১৯

তারিখঃ ২১ পৌষ ১৪২৬
০৫ জানুয়ারি ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ (আপীল নং-৭২৪/১৫) মামলায় ১৭.০৭.২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে দিনাজপুর জেলার হাকিমপুর উপাজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর শিক্ষক/কর্মচারীগণের অনুকূলে ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান।

সূত্র: (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৫৭-১৫৬৫ তারিখ: ২৯.০৮.১৯ খ্রি.।
(২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-১০.০০.০০০০.১২৯.০৪.১২৪.১৯-১৬২ তারিখ: ০১.১২.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.৫.১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে ২০০৯-২০১০ অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের জন্য দিনাজপুর জেলার হাকিমপুর উপাজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১.০৫.১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলের মাধ্যমে গত ০৬.০৫.২০১০ তারিখের শিম/শা:১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকটি অকার্যকর করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ১৭.০৭.১৪ তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order

০৩। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৭২৪/১৫ দায়ের করা হলে তা ২৬.০৭.১৫ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের ২৬.০৭.১৫ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 244 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation "

০৪। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২১.১০.১৫ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫.৪০৪ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্ত করা হয়।

০৫। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ১৮.০৫.১৯ খ্রি. তারিখে শিক্ষক-কর্মচারীদের গত ২০০৯-১০ অর্থবছরের ০৬ মে/১০ হতে ফেব্রুয়ারি/১৬ (মার্চ/১৬ পর্যন্ত এমপিও চালু থাকায়) পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরাবর আবেদন করা হয়।

০৬। উক্ত আবেদনটির নিষ্পত্তিমূলক কোন জবাব না পাওয়ায় প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩৩৭/২০১৯ দায়ের করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে সূত্র (২) মূলে বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত পাওয়া যায় (কপি সংযুক্ত)।

০৭। যেহেতু উক্ত ইন্সটিটিউট এর শিক্ষক-কর্মচারীগণকে মার্চ/১৬ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের ১৭.০৭.১৪ খ্রি. তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে দায়ের করা লীভ টু আপীল নং-৭২৪/২০১৫ মামলাটি খারিজ হয়ে গেছে এবং যেহেতু আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে মতামত ব্যক্ত করা হয়েছে সেহেতু রিট মামলার রায় অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগের সুস্পষ্ট মতামতের আলোকে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে ২০০৯-১০ অর্থবছরের ০৬ মে/১০ হতে ফেব্রুয়ারি/১৬ পর্যন্ত (মার্চ/১৬ হতে এমপিও চালু থাকায়) সময়ের বকেয়া এমপিও প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৯৩৭/২০১৪ মামলায় ১৭.০৭.১৪ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী এবং আইন ও বিচার বিভাগ কর্তৃকও বকেয়া প্রদানের স্বপক্ষে সুস্পষ্ট মতামতের আলোকে দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর শিক্ষক-কর্মচারীগণকে ০৬ মে/১০ হতে ফেব্রুয়ারি/১৬ পর্যন্ত (মার্চ/১৬ হতে এমপিও চালু থাকায়) সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০.০১.২০ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতিসহ সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০৩ (তিন) পাতা।

05/01/2020
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অধ্যক্ষ,হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, হাকিমপুর, দিনাজপুর।